উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-২২/২০০৪/2068 তারিখঃ 04/02/2017

প্রতি,

১। নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ................................।

২। উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
...........................উপজেলা, জেলাঃ..........................।

বিষয়ঃ **পিপিএ' ২০০৬ এর সর্বশেষ আনীত সংশোধনীর (প্রাক্কলিত মূল্যের ১০% কম বা বেশী দর গ্রহণ না করা সংক্রান্ত) আলোকে দরদাতাদের দরপত্র মূল্য গ্রহণের ক্ষেত্রে করণীয় প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০১/০৮/২০১৬ইং তারিখে জারীকৃত পাবলিক প্রকিউরমেন্ট আইন' ২০০৬ এর অধিকতর সংশোধনীর আলোকে আইনের ধারা ৩১ এর সংশোধনীর প্রেক্ষিতে উন্মুক্ত দরপত্র পদ্ধতির অধীন অভ্যন্তরীন কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্রদাতাদের উদ্ধৃত দর গ্রহণ/বাতিলের বিষয়ে মাঠ পর্যায়ে এলজিইডি'র বিভিন্ন কর্মকর্তাদের ভিন্ন ভিন্ন সিদ্ধান্তের কারণে জটিলতার সৃষ্টি হচ্ছে। উক্ত প্রেক্ষাপটে নিম্নোক্তভাবে তা স্পষ্টীকরণ করা হলোঃ

উল্লেখ্য সংশোধিত আইনের ধারা ৩১(৩) এ উল্লেখিত বিষয়ে নির্দেশনাটি অত্যন্ত সুস্পষ্ট যথাঃ "উন্মুক্ত দরপত্র পদ্ধতির অধীন অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে কোন দরপত্রদাতা কর্তৃক দরপত্রে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official cost estimate) ১০% (শতকরা দশ ভাগ) এর অধিক কম বা অধিক বেশি দর উদ্ধৃত করা হইলে উক্ত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে"।

অর্থাৎ দরপত্র মূল্য গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এর সর্বশেষ মূল্যসীমা প্রাক্কলিত মূল্যের ১০% কম বা বেশী পর্যন্ত বিবেচনা করতে হবে। এর অধিক কম বা বেশী হলেই উক্ত দরপত্রটি বাতিল বলে গণ্য করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্টদের করণীয় হিসাবে প্রাক্কলিত মূল্যের ১০% কম বা বেশী পর্যন্ত আর্থিক মূল্যমানের একটি সীমারেখা পূর্বেই নির্ধারণ করতে হবে এবং উক্ত সীমারেখার বাইরে কোন দরপত্রমূল্য উদ্ধৃত হলে তা বাতিল বলে গণ্য করতে হবে। বিষয়টি সকলের বোধগম্যের উদ্দেশ্যে এ সংক্রান্ত একটি উদাহরণ পত্রসাথ প্রেরণ করা হলো। দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে আইনের মমার্থ সঠিকভাবে উপলব্ধি করে তদানুযায়ী সিদ্ধান্ত গ্রহণের নির্দেশ দেওয়া হলো। এর ব্যত্যয়ে সংশ্লিষ্টরা দায়ী হিসেবে বিবেচিত হবেন।

সংযুক্তঃ বর্ণনামতে।

04/2/2017

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (সকল), ............................................................এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ....................................।
৫। উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, ......................উপজেলা, জেলাঃ .............................।

D:\e-GP Letter\e-GP Letter (2015-16).doc

# Example for Accept/Reject of Tenderer's Quoted Rate

| Official Estimated Cost (In BDT) | Margin Value of Official Estimated Cost (+10%) (in BDT) | Margin Value of Official Estimated Cost (-10%) (in BDT) | Name of the Tenderer | Quoted Rate of the Tenderer (in BDT) | Decision for Accept/Reject | Ranking |
|---|---|---|---|---|---|---|
| **1** | **2** | **3** | **4** | **5** | **6** | **7** |
| 11,199,980.000 | 12,319,978.000 | 10,079,982.000 | Tenderer 1 | 9,850,879.001 | Reject | |
| | | | Tenderer 2 | 10,079,981.999 | Reject | |
| | | | Tenderer 3 | 10,079,982.000 | Accept | L1 |
| | | | Tenderer 4 | 10,079,982.001 | Accept | L2 |
| | | | Tenderer 5 | 11,000,000.000 | Accept | L3 |
| | | | Tenderer 6 | 12,000,000.000 | Accept | L4 |
| | | | Tenderer 7 | 12,319,977.999 | Accept | L5 |
| | | | Tenderer 8 | 12,319,978.000 | Accept | L6 |
| | | | Tenderer 9 | 12,319,978.001 | Reject | |
| | | | Tenderer 10 | 13,330,562.001 | Reject | |

০৬.০২.১৭

(মোঃ আব্দুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী
প্রকিউরমেন্ট ইউনিট
এলজিইডি, সদর দপ্তর, ঢাকা